মেহেরপুরে পৃথক অভিযানে ফেন্সিডিলসহ দুইজন আটক

মেহেরপুরে পৃথক অভিযানে ৪১ বোতল ফেন্সিডিলসহ দুইজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

বুধবার বিকালে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার কোলা গ্রাম টিপু সুলতান (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে ২৭ বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়।

আটক টিপু সুলতান একই গ্রামের পশ্চিম পাড়ার আসাদুল ইসলাম এর ছেলে। পরে একইদিন দিবাগত রাতে গাংনী উপজেলার খাসমহল এলাকায় অভিযান চালিয়ে লাল্টু হোসেন (২৮) নামের একজনকে ১৪ বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়। আটক লাল্টু হোসেন খাসমহল খালপাড়ার শফিউল খান এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে পৃথক অভিযান চালিয়ে মেহেরপুর সদর ও গাংনীর খাসমহল থেকে একজন করে মোট দুইজন মাদক ব্যবসায়ীকে ফেন্সিডিলসহ আটক করা হয়েছে।

উভয়ের বিরুদ্ধে গাংনী ও মেহেরপুর সদর থানায় একটি করে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে দেড় মাসে প্রায় ৭০ লাখ টাকার ফসল কর্তন

এম এফ রুপক / ফয়সাল আহম্মেদ
মেহেরপুরে ফসলের উপর শত্রুতা যেন থামছেই না। একের পর এক ফসলের জমি থেকে ফসল কেটে নষ্ট করে দিচ্ছে দূর্বৃত্তরা। গতকাল বুধবারও

ঘটেছে এক চাষির গম ক্ষেত কেটে নষ্ট করার ঘটনা।

এ নিয়ে গত এক মাসে মেহেরপুর জেলার বিভিন্ন জায়গায় প্রায় ডজন খানেক চাষির জমিতে হামলা চালিয়ে উঠতি ফসল কেটে নষ্ট করে দিয়েছে দূর্বৃত্তরা। এছাড়াও পুকুরে বিষ প্রয়োগ করে লাখ লাখ টাকার মাছ মেরে ফেলার ঘটনাও ঘটেছে। এতে চাষিদের লাখ লাখ টাকা ক্ষতি হলেও ব্যবস্থা নেয়নি প্রশাসন।

এ ধরনের অনেক অভিযোগ থাকলেও এখনো অধরা অভিযুক্তরা। কখনো চাদা না পেয়ে আবার কখনো শত্রুতা করে এই ফসল কাটা হয়েছে বলে জানিয়েছে চাষিরা। এছাড়াও জমি-জমা সংক্রান্ত বিরোধের জের ধরেও এ ধরণের ঘটনা ঘটছে বলে জানিয়েছে অনেকেই। মাস খানেকের মধ্যে এতগুলো ফসল কেটে নষ্ট করার ঘটনায় উদ্বিগ্ন এলাকার চাষিরা। দামি ফসল গুলো এইভাবে কেটে নষ্ট করায় অনেকেই দিশেহারা হয়ে পড়েছে।

গতকাল বুধবার মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামের মিনারুল নামের এক গম চাষির এক বিঘা জমির গম কেটে নষ্ট করেছে প্রতিপক্ষরা। এতে প্রায় ৩০ হাজার টাকা লোকসান হয়েছে তার। এ বিষয়ে মিনারুল ইসলাম জানান, জমিতে সেচ দেওয়াকে কেন্দ্র করে একই গ্রামের লোকমান নামের এক জনের সাথে বাকবিতণ্ডা হয়। এ নিয়ে লোকমান আমাকে হুমকি দিয়ে বলে “জমির গম কিভাবে তুলবি, দেখে নেবো”। পরে লোকমান, আসমানি ও সাহাদৎ মিলে আমার এক বিঘা জমির গম কেটে নষ্ট করে দিয়েছে। এ বিষয়ে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

গত ১৬ জানুয়ারি মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামে চাঁদা না পেয়ে দুই বিঘা জমির পেঁয়াজ কেটে নষ্ট করার ঘটনা ঘটেছে। ভুক্তভোগী চাষি ফয়জদ্দিন আলীর ক্ষতি হয়েছে প্রায় এক লাখ টাকা। এ বিষয়ে ফয়জদ্দিন জানান, একটি অপরিচিত নম্বর থেকে ফোন দিয়ে প্রতিনিয়তই চাঁদা চাইতো। আমি চাঁদা দিতে না চাইলে তারা আমার পেঁয়াজ কেটে নষ্ট করে দিয়েছে।

গত ২৫ ডিসেম্বর গাংনী উপজেলার যুগিরগোফা গ্রামে ঘটেছে মাছ মারার ঘটনা। বড় আশা করে অনেক স¦প্ন নিয়ে মাছ চাষ শুরু করেছিল যুগিরগোফা গ্রামের ৬ জন মাছ চাষি। কিন্তু দূর্বৃত্তদের বিষ প্রয়োগের ফলে মাছ গুলো মারা যায়। এতে নিমিষেই স¦প্ন শেষ হয়ে যায় তাদের। ক্ষতিগ্রস্ত চাষি আব্দুল লতিফ, ঠান্ডু মিয়া, আনিস, ইদ্রিস, খলিল মেম্বর ও দুখু মিয়া জানান, আমাদের প্রায় ৫০ লাখ টাকার ক্ষতি হয়েছে। রাতের আঁধারে এই ধরণের নেক্কারজনক ঘটনা

ঘটিয়েছে দুর্বিত্তরা।

একই উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে ঘটেছে তামাক কেটে নষ্ট করার ঘটনা। গত ৭ জানুয়ারি গাড়াবাড়িয়া গ্রামের মাঠে ২ বিঘা জমির তামাক কেটে নষ্ট করেছে দুর্বিত্তরা। লোন করে তামাক চাষ করে এখন চরম বিপাকে পড়েছে একই গ্রামের ভুক্তভোগী চাষি মুরাদ আলী।

এছাড়াও ঢেপা গ্রামে ঘটেছে উঠতি কলা কাটার ঘটনা। গত ১৫ জানুয়ারী রাতে শত্রুতা করে এমন কাজ করেছে বলে জানায় ভুক্তভোগী চাষি চান মিয়া। চরগোয়াল গ্রামে কলা চাষি হাবিব উদ্দিনের সাথে একই ঘটনা ঘটেছে। এখানে প্রায় ৩শ টি কলার কাঁদিসহ গাছ কেটে ফেলার ঘটনা ঘটেছে। এ বিষয়ে গাংনী থানার ওসি ব্যবস্থা গ্রহণের আশ^◌াস দিলেও মেলেনি সুফল।

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামেও ঘটেছে কলা গাছ কাটার ঘটনা। এখানেও দুই বিঘা জমির কলা কেটে নষ্ট করে দিয়েছে দূর্বৃত্তরা। এ ঘটনায় একটি অভিযোগও দায়ের করা হয়েছিল সদর থানায়। এছাড়াও মেহেরপুর শহরের তাহের ক্লিনিক পাড়ায় ঘটেছে একই ঘটনা। আবু তাহের নামের এক চাষির দুইবিঘা জমির কলা কেটে নষ্ট করেছে দূর্বৃত্তরা। এতে প্রায় দ্ইু লাখ টাকার ক্ষতি হয় তার।

মেহেরপুর নতুন বাস টার্মিনালের পাশে একটি জমির মরিচ গাছ কেটে ফেলার ঘটনা ঘটেছিল। প্রায় ১০ কাঠা জমির মরিচ গাছ কেটে উজাড় করে দেওয়া হয়েছিল। মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামের গত ১২ ডিসেম্বরে ঘটেছিল কলা গাছ কাটার ঘটনা। এখানেও দুই বিঘা জমির কলা কেটে নষ্ট করেছিল দূর্বৃত্তরা। ভুক্তভোগী চাষি একই গ্রামের শাহীন জানান, রাতের আঁধারে কে বা কারা এই ধরণের ঘটনা ঘটিয়েছিল।

যে কারণেই হোক না কেন ব্যক্তির উপর রাগ ফসলের উপর দেখানো খুবই জঘন্য। চাষিদের ফসল কেটে নষ্ট করার সাথে যারা জড়িত তাদের কঠিন শাস্তি হওয়া প্রয়োজন।

এমনটিই মন্তব্য করেছেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কুমার খাঁ। এছাড়াও তিনি বলেন, ফসল কেটে নষ্ট করার ঘটনা ইতোমধ্যে বেশ কয়েক জায়গায় ঘটেছে। যদি ব্যবস্থা গ্রহণ না করা হয় তবে চাষিরা আতঙ্কে থাকবে।

এ বিষয়ে মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার (প্রসাশন) জামিরুল ইসলাম বলেন, এ ধরণের ঘটনা ঘটছে এটা আমরা শুনেছি। ইতোমধ্যে এ

সংক্রান্ত কিছু অভিযোগও আমাদের কাছে এসেছে। তবে যারা এই ধরণের ঘটনা ঘটাচ্ছে তাদের চিহ্নিত করার চেষ্টা করা হচ্ছে। আশা করছি অতি দ্রুত তাদের আটক করে আইনের আওতায় নিয়ে আসা হবে।

যতটুকু পড়াতে পারবো, তার উপরেই এসএসসি ও এইসএসসি পরীক্ষা – শিক্ষামন্ত্রী

মেহেরপুর জেলা প্রসাশন কতৃক আয়োজিত মুজিববর্ষ উপলক্ষে “শতঘন্টা মুজিবচর্চা” অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত থেকে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, আগামী ফেব্রুয়ারী মাসের মাঝামাঝিতে সীমিত আকারে স্কুল খুলে দেওয়ার পরিকল্পনা করা হচ্ছে।

এজন্য সংক্ষিপ্ত সিলেবাস করা হয়েছে। এই সিলেবাসের উপর ভিত্তি করে এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের জন্য ক্লাস নেওয়া হবে। তবে এসএসসি পরীক্ষার্থীদের ৬০ ও এইচএসসি পরীক্ষার্থীদের ৮৪ কর্মদিবসের মধ্যে যতটুকু পড়াতে পারবো ততটুকুর উপরেই পরীক্ষা নেওয়া হবে।

বুধবার সন্ধায় যুম প্লাটফর্মে “জ্ঞান ভিত্তিক বাংলাদেশ ও জাতির পিতা” শীর্ষক আলোচনা অনুষ্ঠানে এক শিক্ষার্থীর প্রশ্নের জবাবে এসব কথা বলেন শিক্ষামন্রী।

এছাড়াও তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশকে যতগুলো সপ্ন ছিল, সব সপ্নগুলোকে বাস্তবায়ন করতে উনার কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস কাজ করে যাচ্ছেন। শিক্ষাকে হাতিয়ার করে বঙ্গবন্ধু যে সোনার বাংলা গরতে চেয়েছিলেন সেই সোনার বাংলা গড়ার লক্ষ্যেই বর্তমান প্রধানমন্ত্রী কাজ করে যাচ্ছেন।

প্রতি বছর প্রায় ৩৫ কোটির বেশি বই বিনা মূল্যে শিক্ষার্থীদের হাতে তুলে দিচ্ছেন প্রধানমন্ত্রী। দারিদ্র্য যেন শিক্ষার বাঁধা

না হয় সেজন্য তিনি উপবৃত্তির ব্যবস্থা করেছেন। নারী ও কর্মমুখী শিক্ষার প্রতি জোর দিয়েছেন। সার্বজনীন শিক্ষা প্রতিষ্ঠার জন্য তিনি কাজ করছেন।

জেলা প্রসাশক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন শতঘন্টা মুজিবচর্চা অনুষ্ঠানের মুখ্য উপদেষ্টাজন ও প্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এসময় উপস্থিত ছিলেন, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন, সাবেক এমপি মকবুল হোসেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সম্পাদক ইব্রাহীম শাহীন প্রমুখ।

গাংনীতে মাদকসহ গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার ধলা সীমান্তে বিজিবির সদস্যরা ফেনসিডিল, মদ ও গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার করেছে।

আজ বুধবার ভোরের দিকে ধলা সীমান্ত ফাঁড়ি বিজিবি সদস্যরা টহলের সময় ধলার মাঠ থেকে ১০ বোতল ফেন্সিডিল, ১০ বোতল মদ এবং ২’শ পিচ গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার করে।

জানা গেছে, ধলা সীমান্তে বিজিবি নায়েক ফারুক সিদ্দিকীর নেতৃত্বে বিজিবি টহল দল টহল শেষে ফেরার পথে পরিত্যক্ত অবস্থায় মদ, ফেন্সিডিল ও গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার করেন।

মেহেরপুর পানি উন্নয়ন বিভাগের উদ্দ্যোগে সাংস্কৃতিক সন্ধ্যা

মেহেরপুরে পানি উন্নয়ন বিভাগ (বাপাউবো) এর উদ্দ্যোগে সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ (বাপাউবো) এই সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করে।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশল শাহিনুর জামান, জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক এ্যাড. ইব্রাহিম শাহিন, প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিয়াল এর সাধারণ সভাপতি আরিফুল এনাম বকুল,

জেলা শিল্পকলা একাডেমির সম্পাদক সাইদুর রহমান, শহর সে¦চ্ছাসেবক লীগের সভাপতি জুয়েল বিশ্বাসসহ জেলা শিল্পকলা একাডেমির শিল্পী বৃন্দ।
অনুষ্টানটির সঞ্চালনায় ছিলেন দিপু।

মেহেরপুর সদর উপজেলা প্রাথমিক শিক্ষক সম্পত্তির দলিল হস্তান্তর

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির মেহেরপুর সদর উপজেলা শাখার কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভা শেষে সমিতির সম্পত্তির দলিল হস্তান্তর করা হয়।

গতকাল মঙ্গলবার সকাল ১১টার দিকে বড়বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাধারণ সম্পাদক মোঃ ফিরোজ আহমেদের সঞ্চালনায় ও সভাপতি মোঃ নুরুল ইসলামের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন জেলা শাখার সভাপতি মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সাধারণ সম্পাদক মোঃ শফিউল ইসলাম, জেলা অর্থ সম্পাদক মোঃ মামুনুর রহমান।

মেহেরপুর সদর উপজেলা শাখার সাবেক সাধারণ সম্পাদক মোঃ শফিকুল ইসলাম মিন্টু বর্তমান কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের নিকট অত্র সমিতির সম্পত্তির দলিল হস্তান্তর করেন।

সমিতির সম্পত্তিতে দুই কক্ষ বিশিষ্ট যে অফিস আছে তা ভাড়াটের নিকট থেকে অবমুক্ত করে সেটির যথাযথ ব্যবহারসহ সমিতির সভা-সমাবেশ ও যাবতীয় কার্যক্রম পরিচালনা করে সাধারণ শিক্ষকদের ন্যায্য অধিকার ফিরিয়ে দেওয়ার অঙ্গীকার ব্যক্ত করেন সদর উপজেলা শাখা কমিটির সভাপতি মোঃ নুরুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা নির্বাহী সদস্য মোঃ মাহবুব আলম, সাবেক উপজেলা সাধারণ সম্পাদক মোঃ শফিকুল ইসলাম মিন্টু, উপজেলা শাখার সিনিয়র সহ-সভাপতি মোঃ শহীদুল ইসলাম, সহ-সভাপতি মোঃ নজরুল ইসলাম, ফৌজিয়া আফরৈাজ তুলি, সিনিয়র যুগ্ম- সম্পাদক মোঃ মাসুদ আলম, যুগ্ম-সম্পাদক হাসান খসরু, আতিয়া খন্দকার ইতি, সহ-সম্পাদক মোঃ মাহবুবুর রহমান, মোছাঃ নাজমা পারভীন, মহিলা সম্পাদক মোছাঃ নুরুন্নাহার,

সাংগঠনিক সম্পাদক মোঃ আসাদুল হক, অর্থ সম্পাদক মোঃ সাইদুল আলম, দপ্তর সম্পাদক মোঃ আরিফুর রহমান, ধর্ম বিষয়ক সম্পাদক মোঃ মহিদুল ইসলাম, শিক্ষা সম্পাদক মোঃ আক্তারুজ্জামান, সাহিত্য সম্পাদক মোঃ মফিজুর রহমান, সংস্কৃতি ও বিনোদন সম্পাদক মোঃ শমসের আলী, যোগাযোগ সম্পাদক মোঃ হাবিবুল্লাহ, প্রচার সম্পাদক মাসুদ রানা, সমাজ কল্যাণ সম্পাদক জেসমিন আরা, ক্রীড়া সম্পাদক মোঃ সেলিম হোসেন, আইন বিষয়ক সম্পাদক মাহাবুব আরা,

প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন সম্পাদক মোঃ এহসানুল হক, সমবায় সম্পাদক মোঃ রাশিদুল হাসান, কাব স্কাউট সম্পাদক মোঃ সোহেল আহম্মেদ, কল্যাণ ট্রাস্ট সম্পাদক মোঃ শরিফুল ইসলাম, সদস্য মোছাঃ মাজেদা খাতুন, মোঃ তোফাজ্জেল হোসেন, দিলারা আফরোজ, শামীমা ইয়াসমীন, মোঃ মফিজুর রহমান, মোঃ ফেরদৌস আলম ও লালন কুমার।

মেহেরপুরে গাঁজা রাখার দায়ে একজনের জেল

গাঁজা রাখার অপরাধে রুহুল আমিন নামের এক গাঁজা ব্যবসায়ীকে ৫ বছর সশ্রম কারাদণ্ড, ৩ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ড দিয়েছেন আদালত।

মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এ আদেশ দেন।

রুহুল আমিন মেহেরপুর সদর উপজেলার কালি গাংনী গ্রামের আফাজউদ্দিনের ছেলে।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৬ সালের ৮ জুন তৎকালীন মেহেরপুরের গাংনী র্যাব ক্যাম্পের ডিএডি শহিদুল ইসলামের নেতৃত্বে গোপন সূত্রে খবর পেয়ে গাংনী এলাকা থেকে রুহুল আমিন কে গ্রেপ্তার করেন, ঐ সময়ে রুহুল আমিনের ব্যবহারকারী নসিমন থেকে ৬ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

ঐ ঘটনায় ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) ধারার টেবিল ১(খ) ধারায় একটি মামলা দায়ের করা হয় যার সেশন কেস নং ৩৩৬/১৬ জি আর কেস নং ২০০/১৬। মামলায় মোট ৭ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন।

এতে রুহুল আমিন দোষী প্রমাণিত হওয়ায় আদালত তাকে ৫ বছরের সশ্রম কারাদণ্ড, ৩ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ৩ মাসের কারাদণ্ড প্রদান করেন।

মামলার রাষ্ট্রপক্ষের অতিরিক্ত পিপি অ্যাডভোকেট কাজী শহিদ এবং আসামিপক্ষে এডভোকেট ফরিদ উদ্দিন কৌশলী ছিলেন।

মেহেরপুর সরকারী উচ্চ বালক বিদ্যালয় শতভাগ ধূমপানমুক্ত ঘোষণা

মেহেরপুর সরকারী উচ্চ বালক বিদ্যালয় শতভাগ ধূমপানমুক্ত ঘোষণা করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১ টায় এইড ফাউন্ডেশন ও বাংলাদেশ তামাক বিরোধী জোটভুক্ত সংগঠন আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থা’র যৌথ উদ্যোগে প্রতিষ্ঠানটিকে শতভাগ ধূমপানমুক্ত ঘোষণা করেন জেলা শিক্ষা কর্মকর্তা।

জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ১০০ মিটারের মধ্যে তামাক ও তামাকজাত দ্রব্য বিক্রয়, ব্যবহার ও প্রচারণা নিষিদ্ধ’ প্রচারণার অংশ হিসেবে শিক্ষক ও শিক্ষার্থীদের সক্রিয় অংশ গ্রহণে রোড পেইন্টিং ও বোর্ড স্থাপন করা হয়।

মেহেরপুর সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের (ভারপ্রাপ্ত) প্রধান শিক্ষক খোরশেদা আলম এর নেতৃত্বে রোড পেইন্টিং কর্মসূচির উদ্বোধন করেন মেহেরপুর জেলা শিক্ষা কর্মকর্তা মাহফুজুল হোসেন।

উদ্বোধনী বক্তব্যে তিনি ঘোষণা করেন এই প্রতিষ্ঠানের ১০০ মিটারের মধ্যে কোন তামাকজাত দ্রব্যর দোকান থাকবেনা, এই ঘোষণা অমান্য করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

উক্ত কর্মসূচীতে বিদ্যালয়ের সিনিয়ির সহকারী শিক্ষক মোজাম্মেল হক, নাসির উদ্দীন, আবু হানিফা, স্থানীয় বাটা প্রতিনিধি আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থার পরিচালক এমএ হাসান সুমন, এইড ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার তৌহিদ উদ দৌলা রেজাসহ বিদ্যালয়ের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের বিশিষ্ট ব্যবসায়ী গোলাম নবীর জানাযা ও দাফন সম্পন্ন

মেহেরপুরের বিশিষ্ট ব্যবসায়ী, বসুন্ধরা সিমেন্টের পরিবেশক, মেসার্স জি এন এন্টারপ্রাইজ ও মেসার্স আসিফ এন্টারপ্রাইজ এর স্বত্ত্বাধিকার মোঃ গোলাম মুর্শেদ (চন্দন) ও মোঃ গোলাম শহিদ (শাহেদ) পিতা আলহাজ্ব মোঃ গোলাম নবী ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

সোমবার সন্ধ্যা ৬◌ঃ৩০ মিনিটে বার্ধক্য জনিত কারণে নিজ বাস ভবনে ইন্তেকাল করেন। মৃত্যু কালে তার বয়স হয়েছিল ৮১ বছর। তিনি স্ত্রী, দুই পুত্র, দুই মেয়েসহ অসংখ্য শুভাকাঙ্ক্ষী রেখে গেছেন।

মঙ্গলবার সকাল ১১টার সময় মেহেরপুর শহীদ ড. সামসুজ্জোহা পার্কে জানাযা শেষে পৌর কবরস্থানে দাফন করা হয়েছে।
তাঁর এ মৃত্যুতে বসুন্ধরা সিমেন্ট পরিবার থেকে গভীর শোক প্রকাশ করে বিবৃতি দিয়েছে।

গাংনী- কাথুলী সড়কে পুলিশের টহলদল যাওয়ার পরেই ডাকাতি

মেহেরপুরের গাংনী উপজেলা গাংনী-কাথুলী সড়কে ধলারমাঠ এলাকায় গত রাত ১২টায় তিনজন পথচারি ডাকাতির শিকার হন। নগদ টাকা ও মুঠোফোন ছিনিয়ে নিয়ে তাদের বেদম মারধর করে ডাকাতদল।

আহত হয়েছেন সদর উপজেলার কুলবাড়ীয়া গ্রামের মিল্টন হোসেন, মোহব্বত আলী, আরিফ হোসেন।

আহতরা বলেন, রাতে গাংনী থেকে একটি ওয়াজ শুনে বাড়ি ফেরার পথে ধলার মাঠে ৭/৮ জনের মত একটি ডাকাত দল গাড়ি থামিয়ে এলোপাথাড়ি মারধর

করে। পরে পকেটি থেকে মোবাইল ও নগদ টাকা নিয়ে সটকে পড়ে।

ডাকাতির শিকার হওয়া মিল্টন হোসেনের শ্বশুর খাইরুল সকালে মুঠোফোনে বলেন, গতরাতে ডাকাত দল প্রথমেই তাঁর জামাই মিল্টনকে মারধর করে। তাকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে । ওই সড়কে এর আগেও অনেকবার ডাকাতির ঘটনা ঘটেছে। গরু ব্যাবসায়ীদের কাছ থেকে নগদ ছয় লক্ষ টাকা ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটেছে। পুলিশের ভুমিকার আরো জোরালো থাকলে এসকল ডাকাতদল সক্রিয় হতে পারতো না বলে অভিমত স্থানীয়দের।

জানতে চাইলে ধলা পুলিশ ফাড়ির উপ পরিদর্শক (এসআই) নজরুল ইসলাম বলেন, ওই সড়কটিতে প্রতিরাতে পুলিশের একটি টহলদল থাকে। গতরাতে ১২টায় টহলদলটি একটি ওয়ারেন্ট আসামি আটক করার জন্য চলে আসে। এর পরেই ডাকাতির ঘটনা ঘটে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান বলেন, গাংনী উপজেলার ধলার মাঠে এক সময় রাতের বেলায় প্রায়ই ডাকাতির ঘটনা ঘটতো। পুলিশের ব্যপক তৎপরতার কারণে ডাকাতির ঘটান উপজেলাতে একেবারে কমে গিয়েছিলো। অপরাধিদের আটক করার জন্য একাধিক পুলিশের দল মাঠ পর্যায়ে কাজ করছে।